

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ -২ অধিশাখা
www.mofl.gov.bd



নথি নং-৩৩.০১.০০০০.১১৮.২৪.৫৩০.১৮-২২১

১১ চৈত্র ১৪২৬
তারিখঃ -----
২৫ মার্চ ২০২০

বিষয়ঃ পোল্ট্রি, ডিম, একদিন বয়সী মুরগির বাচ্চা, হাঙ্গ-মুরগী-গবাদিপশুর খাদ্য, মাংস, দুগ্ধজাতপণ্য, অন্যান্য প্রাণি ও প্রাণিজাতপণ্য এবং কৃত্রিম প্রজনন সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে নিরবচ্ছিন্ন পরিবহন সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ ১। প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.৫৩.০২১.২০-৩৬৯ তারিখ: ২৪/০৩/২০২০।

২। বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ কেন্দ্রীয় কাউন্সিলের ২৪/০৩/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কোভিড-১৯” ভাইরাসের সংক্রমণ ঠেকাতে সরকার কর্তৃক আগামী ২৬মার্চ, ২০২০ থেকে ৪ এপ্রিল, ২০২০ পর্যন্ত সকল সরকারি-বেসরকারি অফিসের জন্য সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে এবং সারাদেশে যানবাহন চলাচল সীমিত করা হয়েছে। চলমান এ পরিস্থিতিতে পোল্ট্রি, ডিম, একদিন বয়সের মুরগির বাচ্চা, হাঙ্গ-মুরগীর খাদ্য, মাংস ও দুগ্ধজাতপণ্যসহ অন্যান্য প্রাণি ও প্রাণিজাতপণ্য এবং কৃত্রিম প্রজনন সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি পরিবহন কার্যক্রম সচল রাখার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ কেন্দ্রীয় কাউন্সিল কর্তৃক ২নং সূত্রস্থ পত্রে অনুরোধ জানানো হয়েছে।


২.০। ডিম, মাংস ও দুধ এগুলো পচনশীল দ্রব্যের অন্তর্ভুক্ত হওয়ায় দ্রুততম সময়ের মধ্যেই এধরণের খাদ্যদ্রব্য ভোক্তার কাছে পৌঁছেদেয়া জরুরী। এছাড়াও একদিন বয়সের মুরগির বাচ্চা ২৪ ঘন্টার মধ্যেই ডিলারের দোকানে পৌঁছে দিতে না পারলে প্রতিদিন প্রায় ৩০ লাখ মুরগির বাচ্চা মারা যাবার সম্ভাবনা রয়েছে মর্মে জানানো হয়েছে। ফলে কিছু দিনের মধ্যেই ডিম ও মুরগির মাংসের স্বাভাবিক যোগানে ঘাটতি পড়বে।

৩.০। বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া “কোভিড-১৯” ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে হলে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি প্রয়োজন। ডিম, দুধ ও মাংস মানবদেহে এন্টিবডি তৈরীতে সহায়তা করে এবং সংক্রমণ প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখে।

৪.০। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ১নং সূত্রস্থ স্মারকে বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ কেন্দ্রীয় কাউন্সিল এর সাথে একমত পোষণ করে এবং পোল্ট্রি, ডিম, একদিন বয়সী মুরগির বাচ্চা, হাঙ্গ-মুরগী-গবাদিপশুর খাদ্য, মাংস, দুগ্ধজাত পণ্য, অন্যান্য প্রাণি ও প্রাণিজাতপণ্য এবং কৃত্রিম প্রজনন সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি পরিবহন কার্যক্রম সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১নং সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

৫.০। এমতাবস্থায়, পোল্ট্রি, ডিম, একদিন বয়সী মুরগির বাচ্চা, হাঙ্গ-মুরগী-গবাদিপশুর খাদ্য, মাংস, দুগ্ধজাতপণ্য, অন্যান্য প্রাণি ও প্রাণিজাতপণ্য এবং কৃত্রিম প্রজনন সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদিসহ মাছ, মাছের পোনা ও মৎস্য খাদ্য সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে নিরবচ্ছিন্ন উৎপাদন, পরিবহনসহ বিপণন সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সর্বিনয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সূত্রস্থ স্মারকদ্বয়ের ছায়ালিপি, ০২ (দুই) পাতা।



(ড. অমিতাভ চক্রবর্তী)

উপসচিব

ফোনঃ ৯৫৭৬৬৯৮

e-mail:livestock-2@mofl.gov.bd

জেলা প্রশাসক
(সকল)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)
- ৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর/মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৮। অতিরিক্ত সচিব (মৎস্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৯। সভাপতি, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ কেন্দ্রীয় কাউন্সিল, ঢাকা।
- ১০। প্রেসিডেন্ট, বাংলাদেশ ডেইরি ফার্মারস এসোসিয়েশন, ৭ নং লোহার গেট, নাবিননগর হাউজিং, বেড়িবাঁধ, মোহাম্মদপুর, ঢাকা।
- ১১। প্রেসিডেন্ট, বাংলাদেশ একুয়া প্রোডাক্ট কোম্পানীজ এসোসিয়েশন (বাপক), ছায়ানীড়, ৫২/২, নিউ ইস্কাটন রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০।